বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪১

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

''তিস্তা সেচ প্রকল্পের কমান্ড এলাকার পুনর্বাসন ও সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের ওপর পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০০.০৩৫.১৪.০০০২.২১.৯০; তারিখ: ১৪-০৫-২০২৫ খ্রি. মোতাবেক অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ১২তম সভার কার্যবিবরণীর আলোকে ডিপিপি সংশোধনের নিমিত্ত বহিঃসদস্যসহ বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্র. নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিজাইন সার্কেল-৩ (যান্ত্রিক), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব জয়ন্ত পাল, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), রিভার ম্যানেজমেন্ট এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী (পুর), নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী। | সদস্য |
| ৫। | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী। | সদস্য |
| ৬। | জনাব মোহাম্মদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৯। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), রংপুর পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, রংপুর ও প্রকল্প পরিচালক। | সদস্য-সচিব |

<u>কমিটির কার্যপরিধি (Terms of Reference, ToR)</u>:

ক) কমিটির সদস্যগণ চলমান প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্পের প্যাকেজসমূহের কার্যসাইটের বর্তমান বাস্তবতার আলোকে নকশার সংশোধন,অবকাঠামোসমূহের স্থান পুনঃনির্বাচন, এলাইনমেন্ট সংশোধন এবং বিভিন্ন কম্পোনেন্টের কাজ পুনঃমূল্যায়ন করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরূপণ তথা উদ্যোগ গ্রহণ করবেন;

খ) "তিস্তা সেচ প্রকল্পের কমান্ড এলাকার পুনর্বাসন ও সম্প্রসারণ" শীর্ষক চলমান প্রকল্পের বিবিধ বিষয়াবলী যাচায়ান্তে প্রকল্প বাস্তবায়নাধীন সমস্যাযুক্ত আন্তঃঅঙ্গসমূহ সমন্বয় করে ডিপিপি পুনর্গঠনের ক্ষেত্রে বাপাউবো হতে জারিকৃত উপযুক্ত বিভিন্ন নির্দেশনা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ প্রকৃতিভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution)

কে অগ্রাধিকার দিয়ে অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবেন;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব রয়েছে কিনা তা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্য সম্পাদনা এবং প্রস্তাবিত কাজটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা, সে বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঘ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করবেন;

ঙ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সর্ম্পকিত মতামত প্রদান করবেন;

চ) বর্ণিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করাসহ এবং বিবিধ কার্যসাধন।

০২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।


০৩। পরিকল্পনা বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয় হতে জারীকৃত ডিপিপি প্রণয়ন/সংশোধন বিষয়ক **"সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা, ২০২২ খ্রি."** অথবা সর্বশেষ প্রকাশিত নির্দেশিকার আলোকে নির্ধারিত সমীক্ষা/কারিগরি প্রতিবেদন ফরম্যাট অনুসরন করে প্রতিবেদন প্রস্তুত করবেন।

০৪। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ০৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিজাইন সার্কেল-৩ (যান্ত্রিক), বাপাউবো, ঢাকা।
৩। জনাব জয়ন্ত পাল, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), রিভার ম্যানেজমেন্ট এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী।
৫। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।
৬। গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), রংপুর পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, রংপুর ও প্রকল্প পরিচালক।



৩০-০৭-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব )
০২২২২২৩০০৪১
adg.planning@bwdb.gov.bd

১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ৩০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪১/১ (১১)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (পুর), রিভার ম্যানেজমেন্ট, বাপাউবো, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী (পুর), উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১১। দপ্তর কপি।

৩০-০৭-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ডায়েরী নং [illegible]
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ৩/৮/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

০৩/০৮/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।